ভূমি মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
এপিএ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.minland.gov.bd

ভূমি সেবা ডিজিটাল
বদলে যাচ্ছে দিনকাল

স্মারক নম্বর-৩১.০০.০০০০.০৭১.৩১.০০৭.২০-১০৩

তারিখ: ০৫ পৌষ ১৪২৭ / ২০ ডিসেম্বর ২০২০

বিষয় : ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোর উত্তম চর্চার তালিকা প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে ভূমি মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোর সুশাসন প্রতিষ্ঠা সূচক ৫.১ এর উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

ভূমি মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থা/বোর্ড হতে ২০২০-২১ অর্থবছরের এ মন্ত্রণালয়ের উত্তম চর্চার তালিকা:

ক্র: নং	দপ্তর/সংস্থা/বোর্ড	উত্তম চর্চার তালিকা
০১.	ভূমি মন্ত্রণালয়	(ক) সেবা প্রার্থীদের হটলাইনের মাধ্যমে ভূমি সংক্রান্ত অভিযোগের নিস্পত্তি করা হয়। ০৭.১২.২০২০ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত ৯৬৮৪ টি অভিযোগ পাওয়া গেছে এবং তন্মধ্যে ৮৭৫৯ টি অভিযোগ নিস্পত্তি করা হয়েছে। (খ) সারাদেশে ই-নামজারির কার্যক্রম ভূমি মন্ত্রণালয় হতে নিয়মিত মনিটরিং করা হয়। (গ) অর্জিত ছুটির আবেদন ০৩ (তিন) কর্মদিবসে নিস্পত্তি করা হয়। পূর্বে এই ছুটি ০৭ (সাত) কর্মদিবসে নিস্পত্তি করা হত। (ঘ) শ্রান্তি বিনোদন ছুটি ০৩ (তিন) কর্মদিবসে নিস্পত্তি করা হয়। পূর্বে এই ছুটি ০৭ (সাত) কর্মদিবসে নিস্পত্তি করা হত। (ঙ) সাধারণ পেনশন ০৭ (সাত) কর্মদিবসে নিস্পত্তি করা হয়। পূর্বে এই ছুটি ১৫ (পনের) কর্মদিবসে নিস্পত্তি করা হত। (চ) যোগদান পত্রের পৃষ্ঠাঙ্কন ০১ (এক) কর্মদিবসে নিস্পত্তি করা (ছ) নিয়মিত ই-নথি কার্যক্রম পরিচালনা করা হয়। (জ) শাখায় প্রাপ্ত চিঠিপত্রের গুরুত্বের অগ্রাধিকার ভিত্তিতে দ্রুত নিস্পত্তি করা হয়। (ঝ) নথিসমূহ শ্রেণিবিন্যাস করা হয়। (ঞ) দাপ্তরিক ই-মেইল এড্রেস (fa1@minland.gov.bd) হতে মাঠ পর্যায়ে বিভিন্ন গুরুত্বপূর্ণ পত্র প্রেরণ করা এবং ই-মেইলে প্রাপ্ত পত্রের উপর ব্যবস্থা গ্রহন করা হয়। (ট) কর্মস্থল ত্যাগের পূর্বে বৈদ্যুতিক বাতি, পাখা, এসি মেশিন এবং অন্যান্য অফিস ও কম্পিউটার সরঞ্জাম বন্ধ করে রাষ্ট্রীয় সম্পদের অপচয় রোধে সহায়তা করা হয়।
০২.	ভূমি সংস্কার বোর্ড	(ক) অনলাইনে ভূমি উন্নয়ন কর গ্রহণ শুরু করা হয়েছে। (খ) ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের সাথে যোগাযোগ স্থাপন ও কার্যক্রম মনিটরিং করা হচ্ছে।
০৩.	ভূমি আপীল বোর্ড	ক) মামলার চূড়ান্ত আদেশসহ যে কোন আইনসংগত আদেশের সার্টিফাইড কপি পূর্বে ৭ (সাত) কার্যদিবসের মধ্যে প্রদান করা হতো। বর্তমানে তা ৩ (তিন) কার্য দিবসের মধ্যে প্রদান করা হয়। খ) বিচার প্রার্থীগণ এবং বিজ্ঞ কৌশলীগণের বসার জন্য পূর্বে কোন কক্ষ ছিল না। বর্তমানে তাদের জন্য একটি কক্ষের ব্যবস্থা করা হয়েছে। গ) বোর্ডের চলমান মামলার তথ্য যেমন-ধার্য তারিখ, আদেশের তারিখ ইত্যাদি বোর্ডের ওয়েবসাইটে প্রতিদিন হালনাগাদ তথ্য আপলোড করা হয়। যার ফলে বিচারপ্রার্থীগণ তাদের বাড়ীতে বসেই তার মামলার আপডেট জানতে পারেন।

০৪.	ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর	(ক) ২৪ ঘন্টার মধ্যে স্ক্যানকৃত ম্যাপ সরবরাহ করা হয়। (খ) জরিপ ব্যবস্থায় অনলাইনে খতিয়ানের তথ্য ভুক্তি। (গ) নথির শ্রেণি বিন্যাস ও বিনস্টযোগ্য নথি বিনস্টকরণ করা হচ্ছে। (ঘ) নকশা প্রস্তুতিতে জিপিএস প্রযুক্তি ও ইলেকট্রিক টোটাল মেশিনের ব্যবহার করা হচ্ছে।
০৫.	ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র	(ক) অফিসে প্রাপ্ত চিঠিপত্রের গুরুত্বের অগ্রাধিকার ভিত্তিতে দ্রুত নিস্পত্তি করা হয়। (খ) কাগজের অপচয় রোধকল্পে লোকাল এরিয়া নেটওয়ার্ক এর মধ্যে পেপারলেস নথি ও পত্র নিস্পত্তি করা হয়। (গ) শুদ্ধাচার প্রতিষ্ঠায় সচেতনমূলক বাণী ভবনের বিভিন্ন দেয়ালে স্থাপন।

20/12/2020

(অরুন কুমার মন্ডল)
উপসচিব
ভূমি মন্ত্রণালয়
ফোন : +৮৮-০২৯৫৪০০৩৬
ই-মেইল:apa@minland.gov.bd

সচিব (সমন্বয় ও সংস্কার)
মন্ত্রিপরিষদ বিভাগ
পরিবহন পুল ভবন, ঢাকা।
[দৃ:আ: সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার শাখা]।

স্মারক নম্বর-৩১.০০.০০০০.০৭১.৩১.০০৭.২০.১০৩

তারিখ : ০৫ পৌষ ১৪২৭ / ২০ ডিসেম্বর ২০২০

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :
০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
০২. প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয়। পত্রটি এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (শুদ্ধাচার বক্সে) আপলোড করার অনুরোধসহ।
০২. অফিস কপি/মাস্টার কপি।

উপসচিব
ভূমি মন্ত্রণালয়